# গুম অধ্যাদেশে অগ্রগতি, আরও কয়েকটি বড় সংস্কারের বার্তা: আইন উপদেষ্টার



সংগৃহীত ছবি

গুম প্রতিরোধে বহুল প্রতীক্ষিত অধ্যাদেশের গেজেট প্রকাশিত হয়েছে বলে জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল। তিনি জানান, ১ ডিসেম্বর রাত ১১টায় অধ্যাদেশটির গেজেট নোটিফিকেশন সম্পন্ন হয়েছে।

আজ সোমবার দিবাগত রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে তিনি পোস্ট করে বলেন, বিচার বিভাগকে আরও স্বাধীন করার জন্য সুপ্রিম কোর্ট সচিবালয় সংক্রান্ত একটি গুরুত্বপূর্ণ অধ্যাদেশ কয়েকদিন আগেই জারি হয়েছে। পাশাপাশি, আগামী কয়েকদিনের মধ্যেই মানবাধিকার কমিশন আইনেও নতুন সংস্কার আসছে।

আইন উপদেষ্টা আরও বলেন, বিচার বিভাগীয় সংস্কারের যেসব লক্ষ্য নির্ধারণ করা হয়েছিল, তার প্রায় ৯০ শতাংশই ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। পুলিশ সংস্কার আইন ও দুর্নীতি দমন সংস্কার অধ্যাদেশের কাজও দ্রুত শেষ করার জন্য বিচার বিভাগ সক্রিয়ভাবে সহযোগিতা করছে।

LENS ASIA